দৈনিক ইনকিলাব

14

তারিখ ..MAR. 23 1999
পৃষ্ঠা ৯ কলাম ৭

# কেরানীগঞ্জে শিক্ষার বিনিময়ে খাদ্যশস্য বিতরণ বন্ধ

কেরানীগঞ্জ, ২২ মার্চ (নিজস্ব সংবাদদাতা) ঃ গত ৯ মাস যাবত কেরানীগঞ্জের বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় চাল ও গম বিতরণ বন্ধ রয়েছে। এতে স্কুলগামী অনেক গরীব ছাত্রছাত্রী নিরুৎসাহিত হয়ে স্কুলে যাওয়া বন্ধ করে দিয়েছে। কেরানীগঞ্জ থানা নির্বাহী অফিসারের চরম গাফিলতি ও উদাসীনতার দরুন বিভিন্ন স্কুলের অনুকূলে ৩ মাস পরপর সরকার নির্ধারিত পরিমাণ গম বরাদ্দ দিলেও তা উত্তোলন করে বিতরণ করা হয়নি। খাদ্য মন্ত্রণালয় বারবার নির্দেশ দেয়ার পরেও কেরানীগঞ্জ থানা নির্বাহী অফিসার গম উত্তোলন করে ছাত্রছাত্রীদের মাঝে গম বিতরণের উদ্যোগ নেয়নি। এতে ছাত্রছাত্রী ও অভিভাবকদের মাঝে চরম অসন্তোষ দেখা দিয়েছে।

উল্লেখ্য, ঢাকা জেলার সাভার, ধামরাই, দোহার, নবাবগঞ্জ এবং নারায়ণগঞ্জ জেলার বিভিন্ন থানার স্কুলের ছাত্রছাত্রীদের মাঝে গম বিতরণ অব্যাহত রয়েছে।